ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫৩৫৯
আগরতলা,২৫ ফেব্রুয়ারি,২০২৬

## ভারতের নির্বাচন কমিশন এবং রাজ্য নির্বাচন কমিশনারদের জাতীয় রাউন্ড টেবিল সম্মেলন সমাপ্ত

ভারতের নির্বাচন কমিশন (ইসিআই) এবং রাজ্য নির্বাচন কমিশনারগণ (এসইসি) জাতীয় রাউন্ড টেবিল সম্মেলনে জাতীয় ও সাংবিধানিক স্বার্থ অগ্রসর করার লক্ষ্যে একযোগে কাজ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

ভারতের নির্বাচন কমিশন (ইসিআই) এবং রাজ্য নির্বাচন কমিশনারদের (এসইসি) জাতীয় রাউন্ড টেবিল সম্মেলন, যা ইসিআই আয়োজন করেছিল, তা গতকাল নয়াদিল্লির ভারত মণ্ডপম-তে সমাপ্ত হয়েছে।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের-এর সভাপতিত্বে এবং নির্বাচন কমিশনার ড. সুখবীর সিং সান্ধু এবং ড. বিবেক যোশী-এর উপস্থিতিতে অনুষ্ঠিত এই জাতীয় রাউন্ড টেবিল সম্মেলনে ৩০টি রাজ্যের রাজ্য নির্বাচন কমিশনারগণ অংশগ্রহণ করেন।

রাজ্য নির্বাচন কমিশনারগণ ২৭ বছর পর সফলভাবে আয়োজিত এই জাতীয় রাউন্ড টেবিল সম্মেলনের ভূয়সী প্রশংসা করেন। ইসিআই ও এসইসি-সমূহ প্রতি বছর জাতীয় রাউন্ড টেবিল সম্মেলন আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে সকল এসইসি 'জাতীয় ডিক্লারেশন, ২০২৬' গ্রহণের সিদ্ধান্ত নেন এবং নিশ্চিত করেন যে বিশুদ্ধ ভোটার তালিকা প্রস্তুত করা গণতন্ত্রের ভিত্তি এবং স্বচ্ছ ও দক্ষ নির্বাচন পরিচালনা গণতান্ত্রিক প্রতিষ্ঠানসমূহকে আরও শক্তিশালী করে।

জাতীয় ও সাংবিধানিক স্বার্থে, ইসিআই দেশব্যাপী সকল এসইসি-র সঙ্গে পারস্পরিকভাবে গ্রহণযোগ্য প্রক্রিয়া এবং আইনগতভাবে কার্যকর কাঠামো প্রণয়নের প্রস্তাব দেয়, যাতে নির্বাচন-সংক্রান্ত প্রক্রিয়াগুলোর মধ্যে সমন্বয় সাধন করা যায়। এর মধ্যে রয়েছে ইসিআইনেট ইভিএম, ভোটার তালিকা এবং ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট (আইআইআইডিইএম)-এর বিশ্বমানের প্রশিক্ষণ পরিকাঠামোর ব্যবহার ও অংশীদারিত্ব।

ঘোষণায় আরও উল্লেখ করা হয়েছে যে, ইসিআই ও এসইসি-সমূহ পঞ্চায়েত ও পৌর সংস্থার নির্বাচনের সঙ্গে সংসদ ও রাজ্য বিধানসভা নির্বাচনের আইনসমূহের মধ্যে সমন্বয় সাধনে একযোগে কাজ করবে এবং জাতীয় ও সাংবিধানিক স্বার্থ রক্ষায় সহযোগিতা আরও জোরদার করবে।

ইসিআই তাদের আন্তর্জাতিক কার্যক্রমে অংশগ্রহণের জন্য এসইসি-সমূহকে অনুরোধ জানিয়েছে।

সম্মেলন চলাকালীন এসইসি-সমূহের কাছ থেকে প্রাপ্ত সকল প্রস্তাব ইসিআই-এর সংশ্লিষ্ট উপ-নির্বাচন কমিশনারদের নেতৃত্বে আইনগত ও কারিগরি কর্মকর্তাদের একটি যৌথ দল বিস্তারিতভাবে পর্যালোচনা করবে।

আগামী তিন মাসের মধ্যে রাজ্য কেন্দ্রশাসিত অঞ্চলভিত্তিক করণীয় কর্মপরিকল্পনা কমিশনের নিকট উপস্থাপন করা হবে, যাতে জাতীয় স্বার্থে যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করা যায়। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কার্যালয় থেকে এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে।

*****